

# এইচএসসি পরীক্ষা পেছানোর বিজ্ঞপ্তি ভুয়া, শুরু হচ্ছে ৩০ জুনই

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০১ জুন ২০২৪, ১৩:২৭



ফাইল ছবি

UNIBOTS

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হবে আগামী ৩০ জুন থেকে। সম্প্রতি ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে পরীক্ষা পেছানোর একটি ভুয়া বিজ্ঞপ্তি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। তবে

**বিজ্ঞপ্তি ভুয়া বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।****দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, পরীক্ষা আগের রুটিন অনুযায়ী হবে, পেছানোর বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি।

এদিকে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড ঢাকার দেওয়া এক জরুরি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সামাজিক যোগাযোগ মাধ্যমে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষা শুরুর তারিখ সম্পর্কিত একটি বিজ্ঞপ্তি প্রচারিত হয়েছে। বিজ্ঞপ্তিটি ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখা কর্তৃক ইস্যু করা নয়। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত সময়সূচি অনুসারে আগামী ৩০ জুন থেকে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সবাইকে এ ধরনের অপপ্রচার থেকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

এর আগে গত ২ এপ্রিল এই পরীক্ষার সময়সূচি (রুটিন) ঘোষণা করে শিক্ষা বোর্ডগুলো। সময়সূচি অনুযায়ী, বাংলা (আবশ্যিক) প্রথমপত্রের মাধ্যমে শুরু হবে এই পরীক্ষা। লিখিত পরীক্ষা শেষ হবে ১১ আগস্ট। এরপর ব্যবহারির পরীক্ষা শুরু হবে। পূর্বঘোষণা অনুযায়ী, পুনর্বিনিয়াসকৃত (সংক্ষিপ্ত) পাঠ্যসূচিতে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা।

এইচএসসি পরীক্ষার রুটিন দেখতে [ক্লিক করুন](#)

ইত্তেফাক/এসকে